গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক) নবাব আব্দুল গনি রোড, ঢাকা।

**বিষয়: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর' ২৩ - ডিসেম্বর' ২৩) বাস্তবায়নের লক্ষ্যে ইনোভেশন টিমের সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | ড.অমিতাভ চক্রবর্তী<br>পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| সভার তারিখ | ০৬/১২/২০২৩ |
| সভার সময় | বিকাল ০৩:৩০ মিনিট |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার সূচনা করেন। অতঃপর সভা পরিচালনার জন্য প্রোগ্রামার জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ-কে অনুরোধ জানান। সভায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রমসমূহ বাস্তবায়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | [১.১] সেবা সহজিকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | সভায় অবহিত করা হয় যে, ৩০ নভেম্বর ও ০১ ডিসেম্বর ২০২৩, ২ দিন ব্যাপী ২টি ব্যাচে ৭৬ জন কর্মকর্তা-কর্মচারীর সমন্বয়ে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালা' অনুষ্ঠিত হয়। কর্মশালায় ২ ব্যাচে ৯টি আইডিয়া তৈরি হয়। আইডিয়া সমূহ যাচাই বাছাই করে বাস্তবায়নের বিষয়ে আলোচনা হয় এবং একটি আইডিয়া বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী ১৬/০৩/২৪ তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | [১.১.১] 'অনলাইন পত্র গ্রহণ ও বিতরণ' সেবাটি বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১. জনাব মো. আমিনুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা<br>২. জনাব জিয়াউল হক, উচ্চমান সহকারী |
| ২. | [২.১] ইতঃপূর্বে বাস্তবায়িত সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা চালু অব্যাহত রাখা। | ইতঃপূর্বে বাস্তবায়িত ডিজিটাইজড সেবা হিসেবে পার্সোনাল ইনফর্মেশন ম্যানেজমেন্ট সিস্টেম (PIMS) প্রস্তুত করা হয়েছে। এই সিস্টেম হতে সর্বোচ্চ সুফল পেতে এতে কিছু মডিফিকেশন করা হয়েছে।<br>প্রধান কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের তথ্য পদভিত্তিক যাচাই করে সংশোধন, সংযোজন ও বিয়োজন করে চূড়ান্ত করা হয়েছে।<br>ইতঃপূর্বে বাস্তবায়িত শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন "শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপাত্ত" এবং "উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোড করণ" সেবা দুইটি কার্যকর করার লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। | [২.১.১] "শিক্ষা প্রতিষ্ঠানসমূহের ডাটাবেজ উন্নয়ন উপাত্ত" এবং "উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদন অনলাইনে আপলোড করণ" বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে।<br>[২.২.২] এই সফটওয়্যার দুইটি মনিটরিং করার জন্য একজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদান করতে হবে। | ১. জনাব রতীশ চন্দ্র সেন, নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব), রাজবাড়ী<br>২. জনাব গোপাল চন্দ্র শাহা, সহকারী প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | [৩.১] ইনোভেশন শোকেজিং | আওতাধীন অফিসসমূহের অংশগ্রহণে ন্যূনতম একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেসিং) আয়োজন করা প্রয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচিত করার বিষয়ে আলোচনা হয়। | [৩.১.১] ইনোভেশন আইডিয়াসমূহ বাছাইপূর্বক শোকেসিং আয়োজন করতে হবে। | ১. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার |
| ৪. | [ ৪.১] ই-নথির ব্যবহার বৃদ্ধি | সভায় জানানো হয়, এটুআই কর্তৃক প্রধান কার্যালয়ের ই-নথি সিস্টেমকে ডি-নথি সিস্টেমে রূপান্তর করা হয়েছে। মাঠ পর্যায়ের ৯টি সার্কেল অফিস ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রম বাস্তবায়ন করছে। পর্যায়ক্রমে জেলা অফিসের কর্মকর্তা-কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করার জন্য ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। | [৪.১.১] সকল কর্মকর্তা-কর্মচারী ইউজার প্রোফাইল আপডেট করে আবশ্যিকভাবে ডি-নথি ব্যবহার নিশ্চিত করতে হবে।<br>[৪.১.২] প্রধান কার্যালয়ের ডি-নথি ব্যবহারের রিপোর্ট মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হবে এবং প্রণোদনার ব্যবস্থা রাখতে হবে। | ১. প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা-কর্মচারী<br>২. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার |
| ৫. | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। মাঠ-পর্যায়ের ওয়েবসাইট নিয়মিত আপডেটেড রাখার বিষয়ে মনিটরিং করার জন্য সহকারী প্রকৌশলী মোছা: ফারজানা ইয়াসমিনকে দায়িত্ব প্রদান করা হয়েছে। তিনি মাঠ-পর্যায়ের অফিসসমূহের সাথে এ বিষয়ে কাজ করছেন। মাঠ পর্যায়ের সার্কেল ও জেলা অফিসের ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করার জন্য পত্র প্রদান করা হয়েছে। | [৫.১.১] প্রধান কার্যালয়ের তথ্য বাতায়ন হালনাগাদ অব্যাহত রাখতে হবে। মাঠ পর্যায়ের ওয়েবসাইটসমূহ প্রধান কার্যালয়ের ওয়েবসাইটে সাবমেন্যুতে দিতে হবে।<br><br>[৫.১.২] মাঠ-পর্যায়ের ওয়েবসাইট নিয়মিত আপডেটেড রাখার বিষয়ে সহকারী প্রকৌশলী মোছা: ফারজানা ইয়াসমিন মনিটরিং করবেন। | ১. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার<br>২. মোছা: ফারজানা ইয়াসমিন, সহকারী প্রকৌশলী<br>৩. মোঃ মেসবাউল হক, কম্পিউটার অপারেটর |
| ৬. | [৬.১] স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মশালা আয়োজন | কর্মপরিকল্পনা অনুযায়ী বাস্তবায়িত কর্মশালায় উদ্ভাবিত আইডিয়াসমূহ:<br>১. পত্র গ্রহণ ও বিতরণ ব্যবস্থাপনা;<br>২. e-Contractor Enlistment & Renew;<br>৩. e-bill payment;<br>৪. সংশোধিত প্রাক্কলন প্রস্তুত অনুমোদন ও চূড়ান্ত বিল প্রদান;<br>৫. নির্ধারিত/সময়মত সংশোধিত প্রাক্কলন অনুমোদনে বিলম্ব;<br>৬. ড্রয়িং সরবরাহকরণ;<br>৭. e-GP Extension;<br>৮. সরকারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে মেরামত ও সংস্কার কাজের কর্মসূচি প্রণয়ন;<br>৯. রাজস্ব/উন্নয়ন খাতের প্রাক্কলন অনুমোদন। | [ ৬.১.১] কর্মশালায় উদ্ভাবিত আইডিয়াসমূহ যাচাই বাছাই পূর্বক বাস্তবায়নযোগ্য আইডিয়া সমূহ নির্বাচন করে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২. উপপরিচালক (প্রশাসন)<br>৩. জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার |

২.০ আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১-১২-২০২৩
ড.অমিতাভ চক্রবর্তী
পরিচালক (প্রশাসন ও অর্থ)
০২২২৩৩৮২১৭৭ (ফোন)
dir@eedmoe.gov.bd

**নম্বর:** ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০০২.২৩.২

তারিখ: ১৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৪। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান কার্যালয়/সার্কেল, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৬। উপপরিচালক, প্রশাসন: অধিশাখা-৬, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৭। উপপরিচালক (অর্থ) (অতিরিক্ত দায়িত্ব): অধিশাখা-৭, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৮। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (পুর): ডেস্ক- ১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৯। প্রোগ্রামার, আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০। কমিটির সকল সদস্যবৃন্দ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১১। সহকারী প্রকৌশলী: পুর/ডিজাইন/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১২। প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার (অতিরিক্ত দায়িত্ব ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৪। উপসহকারী প্রকৌশলী: পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি/ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৫। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৬। পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (প্রধান প্রকৌশলীর মহোদয়ের জ্ঞাতার্থে) এবং
১৭। পিএ টু পরিচালক (প্রশাসন ও অর্থ), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে)।

০২-০১-২০২৪
ইফতেখার উদ্দিন আহাম্মদ
প্রোগ্রামার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) ইনোভেশন টিম পুনর্গঠন (খসড়া)
(২) ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন টিমের ১ম ত্রৈমাসিক সভা আয়োজন